# প্লট দুর্নীতির রায়ে শেখ হাসিনার ৫ বছর রেহানার ৭ বছর টিউলিপের ২ বছর কারাদণ্ড



সংগৃহীত ছবি

রাজউকের পূর্বাচল নতুন শহর প্রকল্পে সরকারি প্লট বরাদ্দে ক্ষমতার অপব্যবহার ও দুর্নীতির মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ৫ বছরের সশ্রম কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা করেছে ঢাকার বিশেষ জজ আদালত-৪। তার বোন শেখ রেহানা পেয়েছেন ৭ বছরের কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা। রেহানার মেয়ে টিউলিপ সিদ্দিকের দণ্ড হয়েছে ২ বছর কারাদণ্ড ও এক লাখ টাকা জরিমানা।

মামলার অন্যান্য আসামি সাবেক প্রতিমন্ত্রী শরিফ আহমেদসহ মোট ১৪ জনকে ৫ বছরের কারাদণ্ড দেওয়া হয়েছে। সোমবার (১ ডিসেম্বর) বিচারক মো. রবিউল আলম রায় ঘোষণা করেন। আদালত বলেন, রেহানাকে প্লট দিতে শেখ হাসিনাকে প্রভাবিত করার বিষয়টি প্রমাণিত হয়েছে এবং নীতিমালা ভঙ্গ করে প্লট বরাদ্দ দেওয়া হয়েছে।

দুদকের দায়ের করা মামলায় পূর্বাচল প্রকল্পে ১০ কাঠা প্লট বরাদ্দে অনিয়ম, স্বজনপ্রীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ আনা হয়। প্রথমে ১৫ জনকে অভিযুক্ত করা হলেও পরে তদন্তে আরও দুইজন যুক্ত হয়ে মোট ১৭ জন হন। তাদের মধ্যে একজন ছাড়া বাকিরা এখনও পলাতক।

LENS ASIA